

04

দৈনিক ইনকিলাব

তারিখ .. 28 JAN 1992 ..

পৃষ্ঠা .. ২ .. কলাম .. ৩ ..

## শিক্ষকদের বিনা নোটিশে ধর্মঘট বিনা মেঘে বজ্রাঘাতের মতো — শিক্ষামন্ত্রী

॥ সংসদ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেছেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও কর্মচারীদের বিনা নোটিশের ধর্মঘট আমার কাছে বিনা মেঘে বজ্রাঘাতের মতো।

গতকাল জাতীয় সংসদে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট প্রসঙ্গে প্রদত্ত এক বিবৃতিতে মন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের শেষ পূঃ ৪-এর কঃ দেখুন

### শিক্ষামন্ত্রী প্রথম পৃষ্ঠার পর

সমস্যা আলোচনার মাধ্যমে সমাধানের জন্য সরকার তৎপর।

তিনি জানান, শিক্ষকদের কয়েকটি সংগঠনের সঙ্গে ২/১ জন মন্ত্রী কথা বলেছেন, বিভিন্ন পর্যায়ে ধর্মঘট শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে আলোচনা চলছে।

শিক্ষামন্ত্রী বলেন, সমস্যা যে নেই তা নয়। সমস্যা আছে, এটা সমাধানের জন্য মধ্যস্থতা ও আলোচনার দরকার।

তিনি বলেন, শিক্ষকদের দাবী-দাওয়ার যে চাহিদা তা বর্তমান বাজেটে নেই। বর্তমান ও ভবিষ্যতের চাহিদা আগামী বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে।

মন্ত্রী বলেন, দেশে যখন গণতন্ত্র প্রাতিষ্ঠানিক রূপ পেতে চলেছে, শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্ররা লেখাপড়ায় মনোযোগ দিয়েছে তখন শিক্ষকদের ধর্মঘট আমাদের শংকিত করে।

তিনি বলেন, সরকার আশা করে আলোচনার মাধ্যমে উদ্ভূত সমস্যার সমাধান হবে।